তারাদের কথা

উত্তরবঙ্গ সংবাদ ১৪ সেপ্টেম্বর ২০২১ নয়

জয়ললিতা আবারও? উদ্যোগী বলিউড



জয়ললিতার সাফল্যকে ছুঁয়ে ফেললেন কঙ্গনা রানাওয়াত। সত্যি বলতে কি, এতটা বোধহয় তিনি নিজেও আশা করেননি। তাই মনে মনে একটু অবাক তো নিশ্চয়ই। কেন আশা করেননি? সে কথা বলছি। তবে তার আগে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সম্ভাবনার কথা শুনে নেওয়া যাক।

খুব সম্ভবত 'থালাইভি' ছবির সিক্যুয়েল আসতে চলেছে। এখনই নয়। সময় লাগবে। তবে এই ছবির অত্যন্ত জনপ্রিয়তার পর ছবির ইউনিট নাকি এমন ভাবনাই ভাবছে।

আর তা ভাবার পিছনে যথেষ্ট কারণও রয়েছে। জয়ললিতার জীবনের যে প্রকাণ্ড পরিসর, এই একটা 'থালাইভি'তে তা ধরেনি। অনেকখানিই বাকি রয়ে গেছে। এবার সেই অংশই সাজিয়েগুছিয়ে নিয়ে আসতে পারেন নির্মাতারা। অর্থাৎ সিক্যুয়েল। জোর চর্চা তেমনই। যদিও এ বিষয়ে কঙ্গনা নিজে কিংবা ছবির ইউনিটের কেউই এখনও অবধি মুখ খোলেননি। তবে শোনা যাচ্ছে, আলোচনা শুরু হয়েছে তাঁদের।

হ্যাঁ, এবার আসা যাক শুরুর প্রসঙ্গে। কঙ্গনা নিজে এই জনপ্রিয়তার কথা ভাবেননি। কিন্তু কেন? কারণ তাঁর তামিল উচ্চারণটা একেবারেই ঠিকমতো করে উঠতে পারেননি এ ছবিতে। এমন অভিমত খোদ কঙ্গনার। পরিচালক এ এল বিজয় নিজেও নাকি কঙ্গনার তামিল নিয়ে সন্তুষ্ট নন। এমনকী কঙ্গনার বদলে অন্য কোনও অভিনেত্রীকে নেওয়ার কথাও ভেবেছিলেন পরিচালক। এত কাণ্ডের পরও 'থালাইভি'র এই জয়যাত্রায় কঙ্গনা অবাক হবেন না!

অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাজামৌলির ছবি

এসএস রাজামৌলির ম্যাগনাম অপাস 'আরআরআর' মুক্তি পাচ্ছে না এখনই। দুনিয়া জুড়ে সিনেমাহল এখনও ঠিকমতো খোলেনি। ভারতেই অনেক জায়গায় সিনেমাহল বন্ধ। তার উপর দর্শক সংখ্যাতেও নিয়ন্ত্রণ টানা হয়েছে। অতএব এমন একটা মেগাবাজেট ছবি মুক্তির এটা সঠিক সময় নয় বলেই মনে করছেন নির্মাতারা।

যদিও এই ছবির মুক্তির জন্য দিওয়ালি উইকএন্ড বেছে নেওয়া হয়েছিল। কথা ছিল ১৩ অক্টোবর ছবির মুক্তি হবে। সেই মতো ঝড়ের গতিতে চলছিল ছবির পোস্ট প্রোডাকশনসের কাজ।

কিন্তু আপাতত মুক্তি স্থগিত। কবে যে মুক্তি ঘটবে, এখনও জানা নেই। নির্দেশকরাই জানেন না। পরিস্থিতি স্বাভাবিক না হলে এ ছবি আনা হবে না বলে জানিয়েছেন তাঁরা। পরিস্থিতি কবে যে স্বাভাবিক হবে, তা অবশ্য তাঁরাও জানেন না।

তবে এটাও ঠিক, 'আরআরআর' পর্দাতেই রিলিজ করা হবে। ওটিটি প্ল্যাটফর্ম এ ছবির স্ট্রিমিং রাইট কিনলেও, ওটিটিতে এ ছবির মুক্তি ঘটবে না বলেই জানিয়ে দিয়েছেন নির্মাতারা।



অমিতাভকে নিয়ে নেপালে শুটিং বরজাতিয়ার

অক্টোবর থেকে তাঁর সপ্তম ছবির পরিচালনার কাজ শুরু করছেন পরিচালক সুরজ বরজাতিয়া। 'উঁচাই'। এই ছবির শুটিং হবে নেপালে। টানা ৪০ দিনের শিডিউল।

এই ছবিতে মুখ্য ভূমিকায় থাকছেন অমিতাভ বচ্চন, অনুপম খের, বোমান ইরানি, ড্যানি, নীনা গুপ্তা, পরিণীতি চোপড়া এবং সারিকা। সুরজরা সাধারণত যে ধরনের ছবি বানিয়ে থাকেন, এটা তেমন নয় একেবারেই। মূলত চার বন্ধুর গল্প। অমিতাভ, অনুপম, বোমান আর ড্যানি থাকবেন চার বন্ধুর ভূমিকায়। তবে ছবির কেন্দ্রবিন্দু হয়ে থাকবেন পরিণীতি। তাঁকে ঘিরেই ঘুরবে আলো।

নেপালের পরে ভারতের বেশ কয়েকটি জায়গায় হবে শুটিং। সামনের বছরের মার্চ মাসের মধ্যে শুটিংয়ের কাজ শেষ হওয়ার আশা। এই ছবির পরেই অন্যতম স্বপ্নের কাজটি শুরু করবেন পরিচালক, তাঁর 'প্রেম' সলমন খানকে নিয়ে। সেটি একটি ম্যারেজ ড্রামা। তবে এই 'উঁচাই' ছবিতে সলমন খান অতিথি শিল্পী হিসেবে আসতে পারেন, এমন সম্ভাবনা খারিজ হয়ে গিয়েছে।

বক্স অফিসে মুখোমুখি দেব-জিৎ



দুর্গাপুজোয় বক্স অফিসে মুখোমুখি হতে চলেছেন টলিউডের দুই সুপারস্টার জিৎ এবং দেব। ইদে মুক্তি পাওয়ার কথা ছিল জিৎ-এর ছবি 'বাজি', কিন্তু করোনা অতিমারির কারণে সিনেমাহল বন্ধ থাকায়, ছবি রিলিজ করেননি তিনি। পুজোয় মুক্তি পাবে অংশুমান প্রত্যুষ পরিচালিত ছবিটি। টুইটারে দর্শকদের তাঁর ছবি মুক্তির কথা জানান জিৎ। এরপরই অভিনেতা সহ ছবির পুরো টিমকে শুভেচ্ছা জানিয়েছেন দেব।

দুর্গাপুজোয় মুক্তি পাওয়ার কথা দেবের ছবি 'গোলন্দাজ'-এর। নগেন্দ্রপ্রসাদ সর্বাধিকারীর জীবনী তুলে ধরা হবে এই ছবিতে। ধ্রুব বন্দ্যোপাধ্যায় পরিচালিত এই ছবি মুক্তি পাবে ১০ অক্টোবর। শুধু দেব অভিনীত ছবিই নয়, পুজোয় মুক্তি পেতে চলেছে প্রযোজক দেবের ছবি 'হবুচন্দ্র রাজা গবুচন্দ্র মন্ত্রী'। ছবিটি মুক্তি পাওয়ার কথা ছিল অনেকদিন আগেই। কিন্তু করোনা অতিমারির কারণেই পিছিয়ে যায়। ফলে বোঝাই যাচ্ছে, এই পুজোয় হাড্ডাহাড্ডি টক্কর বাংলার দুই সুপারস্টারের। তবে তাঁরা যে একেবারেই বক্স অফিসে মুখোমুখি হন না তা নয়। ২০১৯ সালেই একসঙ্গে মুক্তি পেয়েছিল দেব-রুক্মিণীর 'কিডন্যাপ' ও জিৎ-কোয়েলের 'শেষ থেকে শুরু'। নিজেদের পছন্দের অভিনেতা-অভিনেত্রীদের ছবি দেখতে সেই সময় হলমুখী হয়েছিলেন দেব ও জিৎ-এর ভক্তরা। এবার কী হয়, সেটাই এখন দেখার!

বন্ধু তারকার ব্যবসা দাঁড় করাচ্ছেন শাহরুখ

প্রিয় বন্ধু রীতেশ দেশমুখ আর জেনেলিয়া ডি সুজার পাশে এসে দাঁড়ালেন শাহরুখ খান। তাঁরা কী করছেন? এক নতুন ব্যবসা। একেবারে অভিনব ভাবনা তাঁদের। সেই ভাবনার ব্র্যান্ড প্রোমোশন কে করবেন? চিন্তায় ছিলেন দুজনেই। মাঝখান থেকে শাহরুখ বললেন—ম্যায় হুঁ না!

তা কী করছেন রীতেশ আর জেনেলিয়া? একেবারে আধুনিক প্রজন্মের জন্য সর্বাধুনিক খাবার নিয়ে আসছেন বাজারে।

মাংস তো সারা জীবন অনেক খেয়েছেন, কিন্তু আদতে সবজি, কিন্তু ধাঁচে মাংস এমন কিছু ভেবেছেন কি? এবার এই উদ্ভিজ্জ মাংস তৈরি হয়ে গেল। দেখতে এবং খেতে একেবারে মাংসের মতো, তবে তৈরি হবে মটর, নারকেল তেল এবং অন্যান্য উদ্ভিজ্জ উপাদান দিয়েই। তাঁদের এই নতুন উদ্যোগের নাম ইম্যাজিন মিটস। বহু বছরের চেষ্টার পর অবশেষে এই নতুন প্রজন্মের খাদ্য নিয়ে তাঁরা হাজির। রীতেশ এবং জেনেলিয়ার সঙ্গে শাহরুখ খানের সম্পর্ক বেশ ঘনিষ্ঠ। এবার রীতেশ এবং জেনেলিয়ার নয়া ব্যবসা ইম্যাজিন মিটসকে নিয়ে ছোটখাট বিজ্ঞাপনই দিয়ে ফেললেন কিং খান। সোশ্যাল মিডিয়ায় নিজের অ্যাকাউন্টে একটি ছবি শেয়ার করেন তিনি। সেই চিরাচরিত হাত ছড়ানো পোজ, তবে এবার ইম্যাজিন মিটসের দুই প্যাকেট দুই হাতে। বন্ধুদের নতুন উদ্যোগের জন্য অনেক শুভেচ্ছা, সম্পূর্ণ দলকে অনেক অভিবাদন।



ওপেনহেইমারকে নিয়ে ফিল্ম ক্রিস্টোফার নোলানের

ম্যানহাটন প্রকল্পে প্রথম পারমাণবিক বোমা আবিষ্কার করেছিলেন জে রবার্ট ওপেনহেইমার। তাঁকে ফাদার অব দ্য অ্যাটমিক বম্ব বলা হয়ে থাকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তাঁর আবিষ্কার বদলে দিয়েছিল সারা বিশ্বে যুদ্ধের সংজ্ঞা। ফলস্বরূপ ধ্বংস হয়ে গিয়েছিল হিরোশিমা ও নাগাসাকি শহর। আজও সেই পরমাণু বোমা আবিষ্কারের জন্য নিন্দিত হতে হয় ওপেনহেইমারকে। শোনা যায়, পরমাণু বোমা নিক্ষেপের পর গীতার শ্লোক উচ্চারণ করেছিলেন এই বিতর্কিত পদার্থ বিজ্ঞানী। এইবার সেই ওপেনহেইমারকে নিয়েই পরিচালক ক্রিস্টোফার নোলান তৈরি করতে চলেছেন তাঁর আগামী ছবি। যদিও এটা পদার্থবিজ্ঞানীর বায়োপিক নয়। ছবির চিত্রনাট্য লেখা হয়েছে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপটে। কাকে দেখা যাবে ওপেনহেইমারের চরিত্রে? সেই বিষয়ে এখনও কিছু জানাননি পরিচালক।

গত দুই দশকে পরিচালকের সব ছবিরই প্রযোজক ওয়ার্নার ব্রাদার্স। কিন্তু ২০২১ সালের সমস্ত ছবির স্বত্ব বিষয়ে এইচবিও ম্যাক্সের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে এই প্রযোজনা সংস্থা। তাঁদের এই সিদ্ধান্তেই রুষ্ট ক্রিস্টোফার নোলান। তাই এবার আর ওয়ার্নার ব্রাদার্স নয়। আগামী ছবি নিয়ে ইতিমধ্যেই বেশ কয়েকটি প্রযোজনা সংস্থার সঙ্গে আলাপ আলোচনা করেছেন তিনি। সম্প্রতি করোনা অতিমারির মাঝেই মুক্তি পেয়েছে তাঁর ছবি 'টেনেট'।

এখন আফসোস করছেন নার্গিস

শারীরিক সমস্যা, তারপর করোনা অতিমারী। এই সবের মাঝে পড়ে বেশ কিছুদিন শুটিং থেকে অনেক দূরে রয়েছেন নার্গিস ফকিরি। এখন তিনি শারীরিকভাবে সুস্থ হলেও অতিমারীর জন্য কাজ শুরু করতে পারছেন না ঠিক করে।

তবে এর মধ্যে সেরে ফেলেছেন একটি চমৎকার কাজ। ঘোষণা। না, তাঁর বিয়ের নয়। সম্পর্কের। উদয় চোপড়ার সঙ্গে পাঁচ বছরের বন্ধন যে তাঁর জীবনের সর্বোৎকৃষ্ট সময়, তা নিজেই জানিয়েছেন নার্গিস। ভারতে আসার পর উদয়ের মতো এত ভালো মানুষ আর দেখেননি। কিন্তু আগে বলেননি কেন? নার্গিস বলছেন, লোকজন তাঁকে বারণ করেছিল। তারা বলেছিল, এই সম্পর্ক নিয়ে একদম নীরব থাকতে। কিন্তু তাদের কথা শুনে তিনি ভুল করেছেন বলে জানিয়েছেন নার্গিস। তাঁর আপশোশ হয়, কেন তিনি পাহাড়চুড়োয় উঠে দাঁড়িয়ে চিৎকার করে এ কথাটা বলতে পারলেন না!

বলিউড তারাদের একহাত নিলেন রোহিত



তিনি বরাবরই যা বলেন, সামনে। ঘুরিয়ে কথা বলতে পারেন না। অত্যন্ত বাস্তববাদী। স্পষ্ট কথা স্পষ্টভাবে মুখের উপর বলে দিতে পছন্দ করেন তিনি। ঢেকেঢুকে কথা বলেন না মোটেও। সম্প্রতি একটি চ্যাট শোয়ে অতিথি হিসেবে এসে তেমনই কিছু কথা বললেন পরিচালক রোহিত শেট্টি।

শো-তে এসে কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেন রোহিত। কথা বলেন বিখ্যাত তারকাদের চ্যারিটিমূলক কাজ নিয়েও। তাঁদের রাস্তার ধারে, মন্দিরের বাইরে দানধ্যান করতে দেখা যায়। অসহায় মানুষের হাতে দানের সামগ্রী তুলে দিতে দেখা যায়। সঙ্গে সঙ্গে তোলা হয়ে যায় সে সব ছবি। এই বিষয়টি নিয়ে মুখ খুলেছেন রোহিত। বলেছেন, ফোন করে জানালে তবেই না ফোটোগ্রাফার জানতে পারবেন, যে আজ অমুক মন্দিরের বাইরে রয়েছে তমুক সেলিব্রিটি। না হলে তাঁরাই বা জানবেন কীভাবে? সরাসরি প্রশ্ন তুলেছেন, সত্যিকারের কোনও মানবদরদী এরকম করতে পারেন?

ইদানীং আরও একটি ট্রেন্ড দেখা দিচ্ছে। সেলিব্রিটিদের এয়ারপোর্ট লুক সবসময়ই চর্চার শিরোনামে। ফটাফট উঠছে ছবি। এই বিষয়টি নিয়েও রীতিমতো মশকরা করেন 'সিংহম'-এর পরিচালক। বলেন, এটার জন্য তো তারকাদের আলাদা খরচ বেড়ে গিয়েছে এখন। বহু মূল্যবান জামাকাপড়, অ্যাক্সেসরিজের পিছনে বাড়তি বিনিয়োগ হয়েই চলেছে। আমি প্লেন থেকে নামছি বা প্লেনে উঠছি, এই খবরটাও ফোটোগ্রাফারদের আগে থেকে জানিয়ে দেন সেলেবরা। ফোটোগ্রাফাররা সেখানে পৌঁছে যান। ছবি ওঠে এয়ারপোর্ট লুক-এর। না হলে তো সকলে চড্ডি-বানিয়ানেই যাতায়াত করতেন! পরিচালকের বক্তব্য, এই অপ্রয়োজনীয় বিষয়গুলির প্রতি মানুষ একটু বেশিই মন দিয়ে ফেলছেন ইদানীং।

দেবশ্রী রায়ের জয়যাত্রা অব্যাহত

আবারও চমক দেখিয়ে দিলেন দেবশ্রী রায়। টিআরপিতে তিন নম্বর জায়গা থেকে উঠে এলেন দ্বিতীয় স্থানে। এই ধারাবাহিকের প্রাপ্ত রেটিং ৯, পিছনে ফেলল ছোটপর্দার অন্যতম জনপ্রিয় ধারাবাহিক 'অপরাজিতা অপু'কে। ৮.৪ নম্বর নিয়ে তৃতীয় স্থানে নেমে এল অপু-দীপু। দেবশ্রীর সামনে এখন শুধু 'মিঠাই'। তবে মোদকবাড়ির আধিপত্য কেড়ে নিতেও বেশিদিন সময় লাগবে না 'সর্বজয়া'র।

এই সপ্তাহে টিআরপি তালিকায় চমকে দিল 'ধুলোকণা'। ৭.৮ রেটিং পয়েন্ট নিয়ে প্রথমবার টিআরপি তালিকায় সেরা পাঁচে জায়গা করে নিল লালন-ফুলঝুরিরা। 'যমুনা ঢাকি'র সঙ্গে এই স্থান ভাগ করে নিয়েছে তারা। পাশাপাশি এই সপ্তাহে চমক দিল 'মন ফাগুন'। শন-সৃজলা জুটির এই সিরিয়াল প্রথমবার সেরা দশের তালিকায় ঢুকে পড়ল। ৬.৭ রেটিং পয়েন্ট নিয়ে নবম স্থান দখল রেখেছে এই ধারাবাহিক।

অর্পিতার গণেশ বিসর্জন

গণেশ চতুর্থীতে বলিউড সুপারস্টার সলমন খানের বাড়িতে ঘটা করে গণেশ পুজোর আয়োজন করা হয়। তবে এবার সলমন 'টাইগার থ্রি' ছবির শুটিংয়ের জন্য দেশের বাইরে রয়েছেন। তাঁর অনুপস্থিতিতে গণেশ পুজোর আয়োজন করেছিলেন বোন অর্পিতা। শনিবার গণপতি নিরঞ্জনের সময় পাপারাৎজির লেন্সবন্দি হন তিনি। সলমন না থাকলেও সেখানে হাজির ছিলেন সোহেল খান।

সোহেল এবং আয়ুশকে গণপতির একটি বড় মূর্তি বিসর্জনের জন্য বের করে আনতে দেখা যায়। অর্পিতার হাতে ছিল একটা ছোট্ট গণপতি। খালি পায়েই প্রতিমা নিরঞ্জনে অংশ নিতে দেখা যায় তাঁদের।

ইমনের দাবি

জাতীয় পুরস্কারপ্রাপ্ত সংগীতশিল্পী ইমন চক্রবর্তীর জন্মদিন ছিল সোমবার। সেই উপলক্ষ্যে মাঝরাত থেকেই শুরু হয় যায় সেলিব্রেশন। জন্মদিনের সকালেই একটি সুখবর শেয়ার করলেন ইমন। সম্প্রতি ইমন তাঁর প্রোডাকশনের ইউটিউব চ্যানেলে এ আর রহমানের সুর করা 'তাল' ছবির 'নহি সামনে' গানটি কভার করেছিলেন। সেই গান শুনেছেন কিংবদন্তি সংগীত পরিচালক। অনলাইনে এই গানের যত কভার সং আছে তার মধ্যে ইমনের গানটিকেই সেরার তকমা দিয়েছেন এ আর রহমান। স্বাভাবিক কারণেই আপ্লুত ইমন।

জন্মদিন কীভাবে সেলিব্রেট করলেন? সংবাদমাধ্যমে ইমন জানালেন, এই বিশেষ দিনটিতে নিজেকে রাজকুমারী বলে মনে হয়। বিনোদন জগতের অনেকেই শুভেচ্ছা জানিয়েছেন। সবার এত শুভেচ্ছা পেয়ে আমি আপ্লুত।

কিছুদিন আগেই জন্মাষ্টমী উপলক্ষ্যে কীর্তন গেয়েছেন ইমন। তাঁর গানটি যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছে।

হ্যারি সোহম

'কলকাতার হ্যারি' ছবিতে অভিনয় করছেন সোহম চক্রবর্তী। পাশাপাশি তিনি যুক্ত থাকছেন প্রযোজক হিসেবেও। ছবির পরিচালক রাজদীপ ঘোষ। ছবিতে সোহমের সঙ্গে রয়েছেন প্রিয়াঙ্কা সরকার। সেই ছবিরই মোশন পোস্টার টুইটারে প্রকাশ্যে আনলেন প্রিয়াঙ্কা। ক্যাপশনে অভিনেত্রী লিখেছেন, 'একটু জাদু, একটু গল্প, একটু ছোঁয়া রূপকথার।' মোশন পোস্টারটি অ্যানিমেটেড। সেখানে একটি হলুদ পুলকারের উপর বসে তারাখসা দেখছেন তিনজন। এই ছবিতে সোহম একটি পুলকারের চালক। যাঁর নাম হরিনাথ। হরিনাথই এই গল্পের হ্যারি। সে গল্প বলতে ভালোবাসে। গল্পের ভিতরে গল্প, গল্পকারের স্বপ্ন দেখার গল্প উঠে আসবে ছবির চিত্রনাট্যে।